



স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/২০১৯/৮২৪৫

তারিখ: ২৯ আষাঢ়, ১৪২৭ বঙ্গাব্দ  
১৩ জুলাই, ২০২০ খ্রিস্টাব্দ


### অফিস আদেশ

মুংরইল এম, পি ফাজিল মাদরাসা, ডাকঘর: আশড়ন্দ, উপজেলা: সাপাহার, জেলা: নওগাঁ (CODE-13383, EIIN-123785) এর ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ২০.০২.২০১৯ খ্রি. তারিখের আবেদনের প্রেক্ষিতে ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অনুসৃত অর্ডিন্যান্সের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত বিধি অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের আলোকে উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে মাদরাসাটির ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস স্তর নিম্নবর্ণিত শর্তে ০১.০৭.২০১৯ খ্রি. থেকে ৩০.০৬.২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো।

### শর্তসমূহ :

- ১। পাঠদান কার্যক্রম শিক্ষাবান্ধব করতে অবকাঠামোসহ শিক্ষার পরিবেশ আরো উন্নত করতে হবে।
- ২। প্রতিষ্ঠানের সকল আয় ব্যয়ের হিসাব যথাসময়ে অভ্যন্তরীণ অডিটের মাধ্যমে সম্পূর্ণ করত: মূল রেজিস্ট্রারে লিপিবদ্ধ করে সকল লেনদেন ব্যাংকের মাধ্যমে করতে হবে।
- ৩। প্রত্যেক শ্রেণিতে শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি এবং পরীক্ষার ফলাফল আরো ভাল করতে হবে।
- ৪। শিক্ষকদের মূল বইয়ের ব্যবহার নিশ্চিত করার পাশাপাশি পাঠদান কার্যক্রমে আরো সচেতন হতে হবে।
- ৫। প্রতিষ্ঠান প্রধানসহ শিক্ষকগণকে সরকার গৃহীত শিক্ষার সার্বিক কার্যক্রম সম্পর্কে বিশেষ ধারণা ও আইসিটিতে পর্যায়ক্রমে প্রশিক্ষণের বিষয়টি নিশ্চিত করতে হবে।
- ৬। শিক্ষক কর্মচারীদের ছুটি হাজিরা রেজিস্ট্রারে লিপিবদ্ধ করে আবেদনগুলো ফাইলে সংরক্ষণ করতে হবে।
- ৭। লাইব্রেরীকে শিক্ষাবান্ধব এবং বইয়ের সংখ্যা বৃদ্ধি করে বই পড়ায় শিক্ষক ও শিক্ষার্থীদের উৎসাহিত করতে হবে।
- ৮। ছাত্রীদের জন্য পৃথক কমনরুম, টয়লেট ও আলাদা নামাজরুমের ব্যবস্থা করতে হবে।
- ৯। শিক্ষার্থীদের জন্য বাংলা ভাষার পাশাপাশি আরবি ভাষা শিক্ষার বিশেষ ক্লাসের ব্যবস্থা করতে হবে।
- ১০। শিক্ষার মানোন্নয়নে সরকার গৃহীত সকল কার্যক্রম সম্পর্কে অবহিত থাকতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়সহ সকল ওয়েবসাইট নিয়মিত ভিজিট করতে হবে।
- ১১। মাদরাসার সাইবোর্ডে আরবি ও বাংলায় মাদরাসার নাম এবং “ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ে অধিভুক্ত” কথাটি লিখতে হবে।
- ১২। অধিভুক্তির মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে।

উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে

 13.07.2020

(ড. জাবেদ আহমাদ)

সহকারী পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)

মাদরাসা পরিদর্শন দফতর

মোবাইলঃ ০১৭১৪-২০২০৬৬

অধ্যক্ষ

মুংরইল এম, পি ফাজিল মাদরাসা

ডাকঘর: আশড়ন্দ, উপজেলা: সাপাহার, জেলা: নওগাঁ।


স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/২০১৯/৮২৪৫

তারিখ:

২৯ আষাঢ়, ১৪২৭ বঙ্গাব্দ  
১৩ জুলাই, ২০২০ খ্রিস্টাব্দ

### অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
- ২। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
- ৩। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (একাডেমিক কমিটির সভায় রিপোর্ট করার জন্য)।
- ৪। পি.এস টু ভিসি (দায়িত্বপ্রাপ্ত), উপাচার্য দপ্তর (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৫। আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৬। সভাপতি, মুংরইল এম, পি ফাজিল মাদরাসা, ডাকঘর: আশড়ন্দ, উপজেলা: সাপাহার, জেলা: নওগাঁ।
- ৭। অফিস নথি।

 13.07.2020

(মুহাম্মদ মাহফিজুর রহমান)

সেকশন অফিসার

মাদরাসা পরিদর্শন দফতর

মোবাইলঃ ০১৬৩৩-১৩৮২৭৩